



## বাণী

২১ ফেব্রুয়ারি ২০২৩

আজ অমর ২১শে ফেব্রুয়ারি- মহান ‘শহিদ দিবস’ ও ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’। ১৯৫২ সালের এই দিনে বাংলাকে মাতৃভাষা হিসেবে প্রতিষ্ঠিত করার সংগ্রামে জীবন উৎসর্গকারী রফিক, শফিউর, সালাম, বরকত, জব্বারসহ সকল ভাষা শহিদকে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি।

আজকের এই মহান দিনে আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে- যাঁর কালজয়ী নেতৃত্বে বিশ্ব মানচিত্রে জন্ম হয়েছে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের। ভাষা আন্দোলন সংগঠনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অসাধারণ অবদান রেখে গেছেন। শুরু থেকে শেষ পর্যন্ত তিনি ভাষা আন্দোলনে অত্যন্ত সক্রিয় ছিলেন। ১৯৪৮ সালের ১১ই মার্চ রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ধর্মঘট পালনকালে বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয়। স্বাধীনতার পরে ১৯৭২ সালে বঙ্গবন্ধু বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠিত করেন। ১৯৭৪ সালের ২৫শে সেপ্টেম্বর জাতিসংঘের ২৯তম সাধারণ পরিষদের অধিবেশনে প্রথমবারের মতো বাংলায় ভাষণ প্রদানের মাধ্যমে বঙ্গবন্ধু বিশ্বমঞ্চে বাংলা ভাষার মর্যাদা প্রতিষ্ঠা করেন।

আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা এবং সেই সকল প্রবাসী বাঙালির প্রতি যাঁরা ভাষা আন্দোলনের বিষয়টি বিশ্ব পরিমন্ডলে তুলে ধরতে সমন্বিত প্রচেষ্টা চালিয়েছেন। ফলে ১৯৯৯ সালের নভেম্বরে জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কো ২১শে ফেব্রুয়ারিকে ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ হিসেবে ঘোষণা করে এবং ২০০০ সাল হতে জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলো যথাযোগ্য মর্যাদার সাথে এ দিবসটি পালন করে আসছে। আমি বিদেশস্থ বাংলাদেশ মিশনগুলোতে কর্মরত সকল কূটনীতিক ও কর্মচারীদের প্রতি শুভেচ্ছা জানাই যাদের অক্লান্ত প্রচেষ্টায় বিদেশের মাটিতে ২১শে ফেব্রুয়ারি-সহ অন্যান্য জাতীয় দিবসগুলো যথাযথভাবে পালিত হয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি ও তাঁদের জীবনমানের উন্নয়নসহ মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য অবিরাম কাজ করে যাচ্ছে। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ক সমস্যা মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। আমাদের সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

আমি আশা করি, দেশে বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশি ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের ‘সোনার বাংলা’ হিসেবে গড়ে তুলতে অগ্রণী ভূমিকা পালন করবেন।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

(মোঃ শাহরিয়ার আলম, এমপি)